

বহু বিকল্পভিত্তিক প্রশ্নোত্তর [MCQ] : [প্রতিটি প্রশ্নের মান-1]

1. “না কি অতি আহ্লাদে বাক্য হরে গেল?”—এখানে ‘হরে গেল’ এই শব্দবন্ধটির অর্থ হল—
[A] হারিয়ে যাওয়া [B] হুঁষ্ট হওয়া [C] হেরে যাওয়া [D] হরণ করা
2. তপনের লেখা গল্পটি নিয়ে চলে গিয়েছিলেন—
[A] তপনের বাবা [B] তপনের ছোটোমেসো
[C] তপনের ছোটো মামা [D] তপনের ছোটো মাসি
3. ‘তবু ধন্যি ধন্যি পড়ে যায়’—‘ধন্যি ধন্যি’-র অর্থ হল—
[A] তামাশা [B] প্রশংসা [C] ব্যঙ্গ [D] নিন্দা
4. ‘জগনচক্ষু’ একটি—
[A] বড়োগল্প [B] ছোটো গল্প [C] উপন্যাস [D] নাটক
5. তপনের লেখা গল্পটি সংশোধন করে দিয়েছিলেন—
[A] তপনের মা [B] তপনের ছোটো মাসি
[C] তপনের ছোটো মেসো [D] তপনের ছোটো মামা
6. যাকে দেখে তপনের চোখ মার্বেলের মতন হয়ে গেল—
[A] বাবাকে [B] দিদিকে
[C] নতুন পিসেমশাইকে [D] নতুন মেশোমশাইকে
7. তপনের চোখ মার্বেল হয়ে যাওয়ার অর্থ—
[A] অবাক হয়ে যাওয়া [B] চোখ পাকানো
[C] রেগে যাওয়া [D] চোখ লাল হয়ে যাওয়া
8. নতুন মেসোমশাই ছিলেন একজন—
[A] গায়ক [B] বই প্রকাশক [C] লেখক [D] শিক্ষক
9. “কথাটা শুনে _____ চোখ মার্বেল হয়ে গেল!” (শূন্যস্থানে শব্দ বসাতো)
[A] তপনের [B] নতুন মেশোমশাইয়ের
[C] নতুন পিসেমশাইয়ের [D] রমেনের

10. এ বিষয়ে সন্দেহ ছিল তপনের। সন্দেহের বিষয়টি হল লেখকরা—
 [A] গল্পকার [B] ঔপন্যাসিক [C] কবি [D] মানুষ
11. মেশোমশাই যে পত্রিকার সম্পাদককে চিনতেন—
 [A] শুকতারা [B] সন্ধ্যাতারা [C] চাঁদমামা [D] আনন্দমেলা
12. ‘শুধু এইটাই জানা ছিল না।’ অজানা বিষয়টি হল—
 [A] সে গল্প লিখতে পারে [B] তার গল্প ছাপা হবে
 [C] মানুষই গল্প লেখে [D] মেসো একজন বিখ্যাত কবি
13. “আমাদের থাকলে আমরাও চেষ্টা করে দেখতাম।”—কথাটি বলেছেন—
 [A] ছোটো মাসি [B] ছোটো মেসো [C] মেজো কাকু [D] বড়ো মামা
14. ‘জ্ঞানচক্ষু’ গল্পে ‘জহুরি বলতে যাকে বোঝানো হয়েছে তিনি হলেন—
 [A] নতুন মেসো [B] ছোটো মেসো [C] মেজোকাকু [D] ছোটো মাসি
15. ছোটোমেসো তপনদের বাড়িতে বেড়াতে এসেছিলেন সঙ্গে নিয়ে—
 [A] সন্ধ্যাতারা পত্রিকা [B] চাঁদমামা পত্রিকা
 [C] আনন্দমেলা পত্রিকা [D] শুকতারা পত্রিকা
16. তপনের লেখা গল্পের নাম ছিল—
 [A] প্রথম পরীক্ষা [B] শেষ রাত [C] প্রথম দিন [D] অবসর
17. গল্প লেখক তপন-এর সম্পূর্ণ নাম হল—
 [A] তপনকান্তি রায় [B] তপনকুমার রায়
 [C] তপন চন্দ্র রায় [D] তপন রায়
18. বাড়িতে তপনের নাম হয়ে গেছিল—
 [A] কবি সম্রাট [B] কথাশিল্পী
 [C] সাহিত্য সম্রাট [D] কবি-সাহিত্যিক কথাশিল্পী
19. ‘এ দেশের কিছু হবে না।’—এই কথাটির প্রবক্তা হলেন—
 [A] তপন [B] ছোটো মাসি [C] ছোটো মেসো [D] তপনের বাবা
20. তপনের লেখা গল্প তার মেসোমশাইকে দিয়েছিল—
 [A] ছোটোমাসি [B] তপনের বন্ধু [C] তপনের বাবা [D] তপনের মা
21. তপনের ছোটো মাসি তপনের চেয়ে বড়ো ছিলেন—
 [A] পাঁচ বছরের [B] আট বছরের
 [C] দশ বছরের [D] পনেরো বছরের
22. “তাই অহরহই জলজ্যান্ত একজন লেখককে দেখবার সুযোগ হবেই তপনের।”
 —এখানে ‘অহরহ’ বলতে বোঝানো হয়েছে—
 [A] খুবই কম [B] বিশেষ দিন [C] প্রতিদিন [D] মাঝে মাঝে
23. “কি রে তোর যে দেখি পায়ভারী হয়ে গেল”—‘পায়ভারী’ শব্দটির অর্থ হল—
 [A] অহংকারী হয়ে যাওয়া [B] মোটা হয়ে যাওয়া
 [C] গম্ভীর হয়ে যাওয়া [D] ভারিকি হয়ে যাওয়া